



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
তুলা উন্নয়ন বোর্ড
তুলা গবেষণা কেন্দ্র, রংপুর
www.cdbcrc.rangpur.gov.bd



স্মারক নম্বর: ১২.০৭.৫৫৮৫.০০০.৬৮০.৫৮.০০০১.২৬.২০৮

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩
০৬ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: তুলা গবেষণা কেন্দ্র, রংপুর এর শূন্য পদে ন্যাস্তকরণসহ নতুন পদ সৃষ্টিকরণ প্রসঙ্গে।

সূত্র: ১২.০৭.৫৫৮৫.০০০.৬৮০.৫৮.০০০১.২৬.২০৭ ০৬ সেপ্টেম্বর ২০২৬

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, তুলা গবেষণা কেন্দ্র, রংপুর খামারের গবেষণা, প্রশাসনিক, পাহারাসহ বিভিন্ন কর্মকান্ডে জনবল কম হওয়ার কারণে কাজের ব্যাঘাত সৃষ্টি হচ্ছে এবং সময়মত সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। এই কেন্দ্রে বিজ্ঞানী, ফার্ম ওভারশিয়ার ও ল্যাব/ মাঠ সহকারীসহ প্রায় অর্ধেক পদ এবং অন্যান্য প্রশাসনিক সহায়ক পদসমূহ শূন্য রয়েছে। বর্তমানে খামারের শূন্য পদসমূহঃ উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা -১ জন, বৈজ্ঞানিক কর্মকর্তা -১ জন, ফার্ম ওভারশিয়ার -১ জন, ল্যাব/ মাঠ সহকারী-১, জিন মেকানিক- ১ জন, কটন টেস্টার- ১ জন, অফিস সহায়ক- ১ জন। অর্থাৎ মোট ১৯ টি পদের মধ্যে ০৭ টি শূন্য রয়েছে। এছাড়া, ফার্মের বিভিন্ন বৈদ্যুতিক কাজের জন্য বাহির থেকে ইলেকট্রিশিয়ান এনে কাজ করাতে হয়। এখানে জিন ব্যাংক স্থাপিত হওয়ায় সার্বক্ষণিক বৈদ্যুতিক সরবরাহের জন্য জেনারেটর চালানো ও বৈদ্যুতিক কাজের জন্য ইলেকট্রিশিয়ান অত্যাবশ্যক। জিন ব্যাংকের অত্যাধুনিক বৈদ্যুতিক ডিভাইসগুলি নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে। বিধায়, জরুরী ভিত্তিতে খামারের শূন্য পদসমূহ পূরণ করা প্রয়োজন। জরুরী ভিত্তিতে নতুন পদ সৃজন প্রতিটি পদের জন্য ১ জন করে যেমন: ফোরম্যান/ প্রকৌশলী, ফার্ম সুপারিনটেনডেন্ট, ফার্ম ওভারশিয়ার, উচ্চমান সহকারী, ক্যাশিয়ার, ইলেকট্রিশিয়ান, মসজিদের ইমাম, ট্রাস্টার ড্রাইভার, পাওয়ার টিলার ড্রাইভার এবং মালি প্রয়োজন। কেন্দ্রের গবেষণা, প্রশাসনিক এবং নিরাপত্তাসহ সার্বিক কর্মকান্ড সময়মত সুষ্ঠুভাবে সুসম্পন্ন করার জন্য জরুরী ভিত্তিতে উক্ত নতুন পদগুলি সৃষ্টি ও শূন্যপদ পূরণ করার নিমিত্তে মহোদয়কে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

(১) তুলা গবেষণা কেন্দ্র, রংপুরের নতুন পদ সৃষ্টি ও শূন্য পদের চাহিদা প্রেরণ।

০৬-০৯-২০২৬

এম.এম. আবেদ আলী
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (রুটিন দায়িত্ব)

নির্বাহী পরিচালক (রুটিন দায়িত্ব)
নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর: ১২.০৭.৫৫৮৫.০০০.৬৮০.৫৮.০০০১.২৬.২০৮/১ (৩)

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩
০৬ সেপ্টেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড।
- ২। তুলা উন্নয়ন কর্মকর্তা, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড।
- ৩। অফিস তত্ত্বাবধায়ক, প্রশাসন শাখা, তুলা উন্নয়ন বোর্ড।



Md. Alim

০৩-০৯-২০২৬

এম.এম. আবেদ আলী
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ফটিন দায়িত্ব)